

কারও তাঁবেদারি করে না

মানবজামিন

রোববার

২১শে জানুয়ারি ২০১৮

www.mzamin.com

পৃষ্ঠা ৩

স্টাফ রিপোর্টার: উচ্চশিক্ষাকে বিশ্বমানে উন্নীত করতে কাজ করেছে সরকার উল্লেখ করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, এজন্য সরকার গুরুত্ব দিয়ে এ খাতকে তদারকি করেছে। বর্তমান সরকার উচ্চশিক্ষার চাহিদা পূরণের জন্য বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমতি দিয়েছে। এগুলোর গুণগত মান ধরে রাখার জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করেছে। যারা ভালো মানের শিক্ষা দিচ্ছেন তাদের অবশ্যই মূল্যায়ন করা হবে। গতকাল রাজধানীর বাঙলায় ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ৫ম সমাবর্তন অনুষ্ঠানে প্রেসিডেন্ট মো. আবদুল হামিদেদের প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় এ কথা বলেন। শিক্ষামন্ত্রী বাংলাদেশে উচ্চশিক্ষার প্রত্যাশিত মান নিশ্চিত করতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তাদের ব্যবসা ও মুনাফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণে, সেবার মনোভাব ও শিক্ষার জন্য অবদান রাখার আহ্বান জানান। ইউআইইউ নিজস্ব স্থায়ী ক্যাম্পাসসহ শিক্ষার মানের

ইউআইইউ'র ৫ম সমাবর্তনে শিক্ষামন্ত্রী

যারা ভালো করেছে তাদের স্বীকৃতি দেয়া হবে

অনুক্রমিক বিশ্ববিদ্যালয় হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করেছে। এ বিশ্ববিদ্যালয় শিক্ষার পরিবেশ এবং গুণগত মান বৃদ্ধির জন্য অব্যাহত প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। এজন্য বিষয় বাছাই, শিক্ষাক্রম উন্নয়ন, শিক্ষাদানের পদ্ধতি অব্যাহতভাবে উন্নত ও যুগোপযোগী করতে হবে। সমাবর্তনে বিশেষ অতিথি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান এবং সমাবর্তন বক্তা ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস। সমাবর্তনে ৯৬২ জন শিক্ষার্থীকে গ্রাজুয়েশন ও পোস্ট গ্রাজুয়েশন ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য চারজন শিক্ষার্থীকে স্বর্ণপদক দেয়া হয়। সমাবর্তনে আরও বক্তব্য দেন ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা, ভিসি (ডেপুটি) অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান, ট্রাস্টি বোর্ডের ভাইস চেয়ারম্যান ফরিদুর রহমান খান, বিশ্ববিদ্যালয়ের ডিন, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা।